অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাশ্রয়ী আবাসন অর্থায়নের জন্য প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

অর্থায়ন পুরো নিউ ইয়র্ক স্টেটে 3,242টি টেকসই, সাশ্রয়ী, সমর্থক আবাসন সৃষ্টি বা সংরক্ষণ করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে স্টেটজুড়ে 3,242টি টেকসই, সাশ্রয়ী, সমর্থক আবাসন সৃষ্টি বা সংরক্ষণ করতে 991 মিলিয়ন মার্কিন ডলার বন্ড এবং ভর্তুকি ঘোষণা করলেন। নির্মাণ কাজ আরো অতিরিক্ত 379 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি অর্থায়ন ব্যবহার করে মোট প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সৃষ্টি করবে যা দ্বারা স্থানীয় অর্থনৈতিক বিকাশ প্রচেষ্টা অগ্রসর করা হবে, গৃহহীনতা হ্রাস করা হবে, এবং ব্যক্তি ও পরিবারের জন্য নিরাপদ, সুরক্ষিত এবং স্বাস্থ্যকর আবাসন সুযোগ বৃদ্ধি করতে নিউ ইয়র্কের যে প্রতিশ্রুতি তা অগ্রসর করবে।

"মহামারী পুরো নিউ ইয়র্কে সাশ্রয়ী ও সমর্থক আবাসনের প্রয়োজন বর্ধিত করেছে এবং সকল নিউ ইয়র্কবাসীর মাথার উপর ছাদ নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আমাদের জন্য অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "এই অর্থ জন্য উচ্চমানের আবাসন তৈরির মাধ্যমে এই সমস্যার মূল সমাধান করে যা মানুষকে নিরাপদ রাখে, আমাদের সম্প্রদায়সমূহে নতুন ব্যবসা ও চাকরি আনে, এবং অত্যাবশ্যকীয় পরিষেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করে যা মানুষকে আরো সন্তোষজনক জীবনযাপনের একটি সুযোগ দেয়।"

আজকের ঘোষণা আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল আবাসন তৈরির জন্য গভর্নরের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। এর মধ্যে রয়েছে 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদি আবাসন পরিকল্পনার প্রস্তাবনা, যেটি পুরো নিউ ইয়র্কের শহুরে ও গ্রামীণ এলাকায় আরো 100,000 সাশ্রয়ী আবাসন সৃষ্টি ও সংরক্ষণ করবে, যার মধ্যে 10,000টি হবে সমর্থক সেবাসহ, নতুন বাড়ি নির্মাণ বৃদ্ধি করবে এবং আবাসন বাজারে অন্যায্যতা সমাধান করবে।

এই অর্থায়ন সম্ভব হয়েছে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) ফল 2021 (Fall 2021) বন্ড ইস্যুর মাধ্যমে, যা করযোগ্য এবং কর ব্যতীত 785 মিলিয়ন মার্কিন ডলার আবাসন বন্ড প্রদান করে এবং সাশ্রয়ী আবাসন নির্মাণ ও সংরক্ষণের জন্য তৈরি করা বিভিন্ন কর্মসূচির মাধ্যমে 206 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি অর্থায়ন।

অর্থ যেখানে প্রদান করা হবে:

<u>নিউ ইয়র্ক সিটি</u>

ইস্ট নিউ ইয়র্কে 27 একর ব্রুকলিন ডেভেলপমেন্ট সেন্টারের ছয় পর্যায়ের পুনর্নির্মাণের 1a পর্যায়ের জন্য 262 মিলিয়ন মার্কিন ডলার। 1a পর্যায় 450টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করবে যার মধ্যে 132টিতে সমর্থক সেবা থাকবে। স্টেটের 1.4 বিলিয়ন মার্কিন ডলার অতি-জরুরি ব্রুকলিন উদ্যোগের অংশ হিসেবে, নির্মাণকাজটি নকশা করা কেন্দ্রীয় ব্রুকলিনের এলাকাসমূহে হয়েছে স্বাস্থ্যসেবা, আবাসন এবং পরিষেবার ক্ষেত্রে দীর্ঘদিনের অসঙ্গতির সমাধান করার জন্য।15-তলা ভবনটিতে একটি 15,000 স্কয়ার-ফুট মেডিকেল ক্লিনিক এবং নিচ তলায় প্রায় 8,000 স্কয়ার ফুট খুচরা বিক্রয় স্থান থাকবে। সম্পূর্ণ বৈদ্যুতিক নকশাটিতে বহু টেকসই বৈশিষ্ট্য থাকবে, যেমন জিওথার্মাল হিটিং এবং ছাদের উপরের সৌর প্যানেল, এবং সকল বাসিন্দাকে বিনামূল্যে ওয়াইফাই প্রদান করা হবে। নির্মাণ দলে রয়েছে L+M পার্টনার্স এবং সার্ভিসেস ফর দ্য আন্ডারসার্ভড।

স্ট্যাটেন আইল্যান্ডের 475 বে স্ট্রিটের জন্য 101 মিলিয়ন মার্কিন ডলার। 12-তলা ভবনটিতে থাকবে 270টি অ্যাপার্টমেন্ট, যার মধ্যে 138টি বাসা গৃহহীন বা আবাসন অনিরাপত্তায় থাকা বয়স্কদের জন্য সংরক্ষিত থাকবে, যারা সেলফ হেল্প ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং প্রদত্ত সমর্থক সেবা লাভের সুযোগ পাবে। স্ট্যাটেন আইল্যান্ডের ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ কৌশল এলাকায় অবস্থিত ভবনটির নিচ তলায় এছাড়াও 10,000 স্কয়ার ফুট খুচরা বিক্রয়ের স্থান থাকবে। নির্মাতা হলো BFC পার্টনার্স।

কুইন্সের ফার রকাওয়েতে এজমেয়ার কমন্স A1 এর জন্য 60 মিলিয়ন মার্কিন ডলার। 17-তলা ভবনটিতে 194টি অ্যাপার্টমেন্ট থাকবে যার মধ্যে বুদ্ধিগত বা বিকাশগত অক্ষমতাসহ মানুষের জন্য 29টি সমর্থক বাসা এবং গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য 30টি সমর্থক বাসা থাকবে। নির্মাণকাজে এছাড়াও নিচ তলায় 23,000 স্কয়ার ফুট খুচরা বিক্রয়ের স্থান থাকবে যা একটি মুদি দোকান এবং অন্যান্য ব্যবসা ব্যবহার করবে। এজমেয়ার কমন্স হলো একটি 11-পর্যায়ের মিশ্র-ব্যবহারের সম্প্রদায় যেখানে সর্বমোট 2,000-র বেশি সাশ্রয়ী বাসা, চিকিৎসা সুবিধা এবং বাণিজ্যিক স্থান থাকবে। এজমেয়ার কমন্সের নির্মাতা হলো দ্য আর্কার কোম্পানিজ।

<u>পশ্চিম নিউ ইয়র্ক</u>

বাফেলোতে পিলগ্রিম ভিলেজ সিনিয়রের জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার। বিদ্যমান পিলগ্রিম ভিলেজ সিনিয়র নির্মাণ ভেঙ্গে ফেলা হবে এবং একটি একক চারতলা ভবন দিয়ে প্রতিস্থাপিত হবে যেখানে 55 বা তার বেশি বয়সের মানুষের জন্য 105টি অ্যাপার্টমেন্ট থাকবে। ঊনপঞ্চাশটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে স্বাধীনভাবে বাঁচতে সমর্থক সেবা প্রয়োজন এমন বয়স্ক মানুষের জন্য। এছাড়াও নির্মাণকাজে থাকবে হাঁটার পথ, বসার স্থান এবং বাগানসহ 20,000 স্কয়ার ফুট সবুজ স্থান। নির্মাতা হলো স্টুয়ার্ট আলেক্সান্ডার অ্যান্ড অ্যাসোসিয়েটস ইনকর্পোরেশন।

বাফেলোতে পিলগ্রিম ভিলেজ ফ্যামিলির জন্য 38 মিলিয়ন মার্কিন ডলার। পিলগ্রিম ভিলেজ সিনিয়র সংলগ্ন নির্মাণের এই অংশটি একটি একক পাঁচতলা ভবনে 132টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট প্রদান করবে। নিচের তলায় একটি কমিউনিটি ফ্যাসিলিটি স্থান এবং বাণিজ্যিক স্থান থাকবে। পিলগ্রিম ভিলেজ ফ্যামিলি এবং সিনিয়র উভয়ে বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাস সংলগ্ন। নির্মাতা হলো স্টুয়ার্ট আলেক্সান্ডার অ্যান্ড অ্যাসোসিয়েটস ইনকর্পোরেশন।

বাফেলোতে ম্যাককার্লি গার্ডেন্স অ্যাপার্টমেন্টেসের জন্য 38 মিলিয়ন মার্কিন ডলার প্রকল্পটি 21টি বিদ্যমান টাউনহোম ভবনকে পুনর্বাসিত করবে এবং মোট 149টি সাশ্রয়ী বাসার জন্য চারটি অতিরিক্ত ভবন নির্মাণ করবে। বিদ্যমান অ্যাপার্টমেন্টগুলিকে আরো শক্তিদক্ষ হিসেবে হালনাগাদ করা হবে, উন্নত ইন্সুলেশন, নতুন জানালা এবং প্রতিস্থাপিত বয়লার ও গরম পানির হিটার থাকবে। সাইটের কাজ বাফেলো নায়াগ্রা মেডিকেল ক্যাম্পাসের কাছের ক্রমবর্ধমান ডাউনটাউন এলাকায় অবস্থিত 15-একরের সম্পত্তির সৌন্দর্যবর্ধন করবে।নির্মাতা হলো BFC পার্টনার্স এবং সেইন্ট জনস ব্যাপ্টিস্ট চার্চ।

ইরি কাউন্টির অ্যামহার্স্ট টাউনের চারটি বহু পরিবারের সম্পত্তি পুনর্বাসন ও সংরক্ষণের জন্য 96 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পগুলিতে রয়েছে 304টি অ্যাপার্টমেন্টসহ প্রিন্সটন কোর্ট, 216টি অ্যাপার্টমেন্টসহ ব্রিউস্টার মিউজ, 180টি অ্যাপার্টমেন্টসহ পার্কসেড হাউজেস এবং 316টি অ্যাপার্টমেন্টসহ অক্সফোর্ড ভিলেজ টাউনহোমস। চারটি সম্পত্তির নির্মাতা হলো দ্য রিলেটেড কোম্পানিজ এবং এমজে পিটারসন রিয়েল এস্টেট কর্পোরেশন।

<u>মধ্য-হাডসন</u>

ইয়োঙ্কার্স হাডসন হিলের জন্য 43 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটিতে থাকবে একটি জরাজীর্ণ ভবন ভেঙ্গে ফেলে সেটিকে একটি নতুন ছয়তলা ভবন দিয়ে প্রতিস্থাপিত করা, যেখানে 113টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে। সহায়ক সেবার প্রয়োজন আছে এমন গৃহহীন গৃহস্থালির জন্য পঁয়তাল্লিশটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে। ছাদের উপরে সৌর প্যানেলসহ সম্পূর্ণ বৈদ্যুতিক ভবনটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির বিল্ডিং অফ এক্সিলেন্স কর্মসূচি থেকে তহবিল পেয়েছে। নির্মাতা ও সেবাদানকারী হলো ওয়েস্টহ্যাব ইনকর্পোরেশন।

অরেঞ্জ কাউন্টির মিডলটাউনে টল ওকস অ্যাপার্টমেন্টসের জন্য 14 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি 16টি ভবনে 150টি অ্যাপার্টমেন্ট পুনর্বাসিত করবে। 1973 সালে মূলত একটি মিশেল-লামা হিসেবে নির্মিত হওয়ায়, সম্ভাব্য মধ্যে রয়েছে সকল অ্যাপার্টমেন্ট সংস্কার করা, নতুন ছাদ, সৌর প্যানেল স্থাপন করা, এবং বাহ্যিক উন্নয়ন। নির্মাতা হলো দ্য রিলেটেড কোম্পানিজ।

ওয়েস্টচেস্টার কাউন্টির নিউ রোশেলে 500 মেইন স্ট্রিটের জন্য করযোগ্য বা কর ব্যতীত 200 মিলিয়ন মার্কিন ডলার। মিশ্র-উপার্জনের নির্মাণকাজটি 477টি নতুন অ্যাপার্টমেন্ট নির্মাণ করবে, যেখানে 119টি ইউনিট এলাকার মধ্যম উপার্জনের 60 শতাংশ আয়সহ মানুষের সামর্থ্যের মধ্যে হবে। নির্মাতা হলো BRP ডেভেলপমেন্ট কর্পোরেশন।

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

স্কেনেকটেডিতে ইয়েটস ভিলেজ ফেজ II এর জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার। এটি 1948 সালে নির্মিত ইয়েটস ভিলেজ সরকারি আবাসন কমপ্লেক্স পুনর্নির্মাণের দ্বিতীয় ও সর্বশেষ পর্যায়। দ্বিতীয় পর্যায়ে রয়েছে ছয়টি অতিপ্রাচীন ভবনকে 37টি নতুন দুইতলা ভবন দিয়ে প্রতিস্থাপন করা যেখানে থাকবে হাঁটার আরো উপযোগী ও আরো আকর্ষণীয় ক্যাম্পাসে 64টি অ্যাপার্টমেন্ট। নির্মাণ দলে রয়েছে পেনরোজ হোল্ডিংস এলএলসি, ডুভার্নে + ব্রুকস এলএলসি, এবং স্কেনেকটেডি মিউনিসিপ্যাল আবাসন কর্তৃপক্ষ।

মোহক ভ্যালি

হারকাইমার কাউন্টির হারকাইমার গ্রামের স্টোন রিজের জন্য 41 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি গ্রামের ডাউনটাউন এলাকায় পাঁচটি পৃথক অবস্থানে 153টি সরকারি আবাসন অ্যাপার্টমেন্ট পুনরায় তৈরি করবে। তিনটি বিদ্যমান প্রকল্পে সংস্কার করা হবে, একটি স্থাপনা ভেঙ্গে ফেলা হবে, এবং 24টি অ্যাপার্টমেন্টসহ একটি নতুন ভবন নির্মাণ করা হবে। নির্মাতা হলো হারমাইকার অ্যাফোর্ডেবল হাউজিং ইনকর্পোরেটেড, হারমাইকার হাউজিং অথোরিটির অলাভজনক অঙ্গসংগঠন।

ফিঙ্গার লেকস

মনরো ও অর্লিন্স কাউন্টির লিভিংস্টোনে আটটি পৃথক নির্মাণ সংস্কার ও সংরক্ষণে 30 মিলিয়ন মার্কিন ডলার। মনরো ও অর্লিন্স কাউন্টির লিভিংস্টোনে আটটি পৃথক নির্মাণ সংস্কার ও সংরক্ষণে 30 মিলিয়ন মার্কিন ডলার। চাহিদার উপর ভিত্তি করে পুনর্বাসন কাজ ভিন্ন হবে।

নর্থ কান্ট্রি

সেইন্ট লরেন্স কাউন্টির গভার্নারে উডক্রিক অ্যাপার্টমেন্ট এবং লুইস কাউন্টির লোভিলে বেটম্যান অ্যাপার্টমেন্টের জন্য 16 মিলিয়ন মার্কিন ডলার। প্রতিবেশী কাউন্টিগুলির দুইটি বিদ্যমান নির্মাণের পুনর্বাসন করা হবে। 1869 সালে মূলত হোটেল হিসেবে নির্মিত বেটম্যান অ্যাপার্টমেন্টসকে 1991 সালে সাশ্রয়ী আবাসনে রূপান্তর করা হয়েছে এবং এটিতে 24টি অ্যাপার্টমেন্ট এবং চারটি সামনে দোকানসহ বাণিজ্যিক স্থান রয়েছে। সেকশন 801 মিলিটারি আবাসন হিসেবে নির্মিত উডক্রিক অ্যাপার্টমেন্টে 30টি ভবনে 96টি অ্যাপার্টমেন্ট রয়েছে। নির্মাতা হলো বল্ডউইন রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "নিউ ইয়র্কজুড়ে সাশ্রয়ী আবাসনের সুযোগ সৃষ্টি ও সংরক্ষণে গভর্নর হোকলের মিশনের সম্মুখসারিতে থাকতে পেরে HCR গর্বিত। এই 991 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি বর্ধনশীল ডাউনটাউনে নতুন বাড়ি নির্মাণকাজের অর্থায়ন করবে যেখানে ট্রানজিট ও পরিষেবার সুযোগ থাকবে এবং এটি পাবলিক হাউজিংয়ের মতো বিদ্যমান নির্মাণের উন্নয়ন সাধন করবে। স্ট্যাটেন আইল্যান্ড থেকে সেইন্ট লরেন্স কাউন্টি পর্যন্ত এই 14টি প্রকল্প একত্রে অর্থনীতিতে 1 বিলিয়ন

মার্কিন ডলার প্রবেশ করাবে যা শহর, শহরতলী এবং গ্রামীণ সম্প্রদায়গুলির হাজার হাজার ব্যক্তি ও পরিবারকে লাভবান করবে এবং একই সময়ে আমাদের স্টেটের জন্য সবুজতর, আরো স্বাস্থ্যকর এবং আরো ন্যায্য ভবিষ্যৎ তৈরির ক্ষেত্রে আমাদের প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

সিনেট হাউজিং কমিটির প্রধান, স্টেট সিনেটর ব্রায়ান কাভানাহ বলেন, "আমি অতি গুরুত্বপূর্ণ এই তহবিল প্রদানের জন্য গভর্নর ক্যাথি হোকল এবং কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাসের প্রশংসা করছি, যেটি পুরো স্টেটে সাশ্রয়ী ও টেকসই আবাসন সৃষ্টি ও সংরক্ষণের ব্যাপারে সাহায্য করবে। যদিও স্টেটের সাশ্রয়ী আবাসন সংখ্যা বৃদ্ধি করতে আরো অনেক কাজ করা প্রয়োজন, তবুও এই বিনিয়োগ এলাকা পুনরুজ্জীবিত করতে এবং স্থানীয় সম্প্রদায়ের অর্থনীতি জোরদার করতে অনেক সাহায্য করবে। এটিও উল্লেখ করা উচিত যে এর মধ্যে অনেক প্রকল্প স্টেটের সবুজ ভবন আদর্শ এবং পরিবেশগতভাবে টেকসই হওয়ার লক্ষ্য অনুযায়ী নির্মিত হচ্ছে।"

অ্যাসেম্বলি আবাসন কমিটির প্রধান অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইজ বলেন, "এই 14টি HCR বন্ড দ্বারা অর্থায়িত প্রকল্প পুরো স্টেটে গৃহহীনতার ঝুঁকিতে থাকা হাজার হাজার ব্যক্তি ও পরিবারকে এবং একই সাথে বয়স্ক ও অক্ষমতাসহ মানুষকে নিরাপদ, সাশ্রয়ী এবং সমর্থক আবাসন প্রদান করবে, যারা অনসাইট সমর্থক সেবা এবং সংস্থান দ্বারা লাভবান হবে। সাশ্রয়ী আবাসন সৃষ্টি ও সংরক্ষণ করতে আমাদের কাজ অব্যাহত আছে, কিন্তু আমাদের নির্মিত প্রতিটি ইউনিটের অর্থ হলো আমাদের সম্প্রদায়ের আরো একজন অতি গুরুত্বপূর্ণ সদস্যের জন্য স্থিতিশীলতা ও আশা। আমি আমাদের বাসিন্দাদের জন্য নিরাপদ ও সাশ্রয়ী আবাসন সুযোগ বৃদ্ধি করতে তার অঙ্গীকারের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন